হাট বসানোকে কেন্দ্র করে রণক্ষেত্র দেগঙ্গা, কৃষকদের ওপর লাঠিচার্জ পুলিশের

নিজস্ব প্রতিবেদন, বারাসত: সম্প্রতি অশোকনগরে ভ্যাকসিন দিতে এসে পুলিশের লাঠিচার্জের শিকার হয়েছিলেন সাধারণ মানুষ। এবার পুলিশের লাঠিচার্জের শিকার দরিদ্র কৃষকেরা। শুধু লাঠির মারই নয়, বিক্রির জন্য ঘামঝরিয়ে ফলানো ফসল তছনছ করে আটক করা হল নিরীহ কৃষককে। টেনে হিচড়ে তোলা হল পুলিশের গাড়িতে। দিল্লির কৃষক আন্দোলনের সমর্থনকারী মুখ্যমন্ত্রীর রাজ্যে, তার অধীনস্থ পুলিশ রবিবার সকালে যে ভাবে নিরীহ কৃষকদের ওপর আক্রমণ চালাল তাতে সর্বত্র নিন্দার ঝড় উঠেছে। এদিন পুলিশের এই অমানবিক আচরণে প্রেক্ষিতে কৃষকেরা একত্রিত হয়ে থানা ঘেরাও করে বিক্ষোভ দেখায়। রবিবার ঘটনাটি ঘটেছে, উত্তর ২৪ পরগনার টাকি রোডের পার্শস্থ দেগঙ্গা থানার দেগঙ্গা বাজারে। যদিও পুলিশের পক্ষ থেকে লাঠিচার্জের অভিযোগ অস্বীকার করা হয়েছে। স্থানীয় কৃষকদের সূত্রে জানা গিয়েছে, হাট বসানোকে কেন্দ্র করে রণক্ষেত্রের চেহারা নেয় দেগঙ্গা। হাটে আসা নিরীহ চাষিদের উপরে নির্বিচারে লাঠিচার্জের অভিযোগ দেগঙ্গা থানার পুলিশের। ঘটনাস্থলে তীব্র উত্তেজনা ছড়ায়। পরবর্তীতে দেগঙ্গা থানা ঘেরাও করে কয়েকশো কৃষক বিক্ষোভ দেখায়।

ঘটনার সূত্রপাত রবিবার সকাল সাড়ে ৯ টা থেকে। এক নম্বর রাজ্য সড়ক তথা টাকি রোডের পাশেই দেগঙ্গা বাজারে প্রতি সপ্তাহের মতো এদিনও হাট বসেছিল। আশেপাশের প্রায় শতাধিক গ্রামের চাষিরা তাদের সবজি আনাজ নিয়ে সকালেই পৌঁছে যান এই হাটে রুটি রুজির টানে। দেগঙ্গা হাটের মালিকানা বর্তমানে শাসকদল তৃণমূল ঘনিষ্ঠমহলের হাতে। কমিটিও তারা পরিচালনা করেন। অভিযোগ মোটা টাকার বিনিময়ে সেই জায়গা অসাধু ব্যবসায়ীদের কাছে নিলাম করেছে হাট কমিটির লোকজনরা। তার মধ্যেই বাধ সেধেছে বর্ষার জল জমে বাজারে কাদার ফলে চাষিরা বাধ্য হয়ে টাকি রোডের ধারে সবজি বেচতে বাধ্য হচ্ছে। ফলে সাধারণ গরিব চাষিরা তাদের সবজি আনাচ নিয়ে রাস্তায় দাঁড়িয়ে পড়েন। যার জন্য টাকি রোডে নিত্যদিন তীব্র যানজটের সৃষ্টি হচ্ছে। এর পরেই হাট মালিকদের সঙ্গে হাটের জায়গা বেদখলের অভিযোগ তুলে চাষিদের বাকবিতণ্ডা শুরু হয়। অবস্থা বেগতিক দেখে হাট মালিকরা খবর দেয় দেগঙ্গা থানার পুলিশকে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় দেগঙ্গা থানার বিশাল পুলিশবাহিনী। কোনও কিছু বুঝে ওঠার আগেই নিরীহ চাষিদের ওপর হাট মালিকদের নির্দেশে নির্বিচারে লাঠিচার্জ করে এবং সবজি আনাজ তুলে নিয়ে যায় দেগঙ্গা থানার পুলিশ। বাদ যায়নি মহিলা ও বৃদ্ধ চাষিরা। ঘটনার খবর জানাজানি হতেই তীব্র ক্ষোভে ফেটে পড়েন আশেপাশে গ্রামবাসীরা। পুলিশের এহেন আচরণের তীব্র বিরোধিতা করে মুখ্যমন্ত্রীর দ্বারস্থ হবেন বলেও জানান চাষিরা। তাদের দাবি পুলিশ কেন চাষিদের সঙ্গে কথা না বলে চাষিদের অভাব-অভিযোগ না শুনে নির্বিচারে লাঠিচার্জ শুরু করল? তার প্রতিবাদে থানা ঘেরাও করে বিক্ষোভ আহত চাষির পরিবারের সদস্যদের। পুলিশ ইতিমধ্যেই বেশ কয়েকজন চাষিকে গ্রেপ্তার করেছেন, তাদের নিঃশর্ত মুক্তির দাবি করেছেন বিক্ষোভকারীরা।

আটক কয়েকজন দরিদ্র কৃষক

কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুরের সংবর্ধনা ঘিরে বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব আরও একবার প্রকাশ্যে

নিজস্ব প্রতিবেদন, বনগাঁ: ঠাকুরনগরে কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুরের সংবর্ধনা ঘিরে বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব আরো একবার সামনে এল, কটাক্ষ তৃণমূলের। বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলার গোষ্ঠীদ্বন্দ্ব যেন পিছু ছাড়ছে না। সাম্প্রতিক রাজ্য বিজেপির পক্ষ থেকে বৈঠক করে বনগাঁ বিজেপির সাংগঠনিক জেলার সমস্ত নেতৃত্বকে একত্রিত হয়ে কাজ করার নির্দেশ দেওয়া হয়েছে। কিন্তু রাজ্য নেতৃত্বের নির্দেশ পাওয়ার পরেও বনগাঁ বিজেপির সাংগঠনিক জেলা আগের মতোই আছে। শনিবার রাতে গাইঘাটা ১ নম্বর মণ্ডল বিজেপির পক্ষ থেকে ঠাকুরনগর স্টেশনের পাশে মঞ্চ করে শান্তনু ঠাকুরকে সংবর্ধনা দেওয়ার আয়োজন করা হয়েছিল। সেই অনুষ্ঠানে দেখা মিলল না বনগাঁ বিজেপির সাংগঠনিক জেলা সভাপতি মনস্পতি দেব সহ অন্যান্য জেলা নেতৃত্বকে। সংবর্ধনা অনুষ্ঠান সম্পর্কে বনগাঁ বিজেপির সাংগঠনিক জেলার অন্যতম সাধারণ সম্পাদক প্রবীর রায় বলেন, তেমন কোনো অনুষ্ঠানের কথা জানা নেই। সভাপতিও এই অনুষ্ঠান সম্পর্কে জানেন না বলে দাবি করেন তিনি। গোষ্ঠীদ্বন্দ্বের কথা তিনি অস্বীকার করেন। যদিও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজক গাইঘাটা পূর্ব মণ্ডল ১ এর সভাপতি দিব্যেন্দু মণ্ডল জেলার সমস্ত নেতৃত্বকে জানানো হয়েছে। মঞ্চে জেলা সভাপতির ছবি না থাকা প্রসঙ্গে তিনি বলেছেন প্রিন্টিং মিসটেক। গাইঘাটা পূর্ব ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি শ্যামল সরকার বলেন, বিজেপি সাংসদের সঙ্গে জেলা সভাপতির নানা বিষয় নিয়ে মতবিরোধ দীর্ঘদিন ধরেই আমরা দেখ ছি। তাদের মধ্যে গোষ্ঠীদ্বন্দ্ব প্রকট হচ্ছে। ওদের সাংগঠনিক বিপর্যয় আগামী দিনে অবশ্যম্ভাবীক। যদিও এই বিষয়ে কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর কোনো প্রতিক্রিয়া দেননি। পাশাপাশি বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি মনস্পতি দেবেরও প্রতিক্রিয়া মেলেনি।

কটাক্ষ তৃণমূলের

নিক্কো জুবিলি পার্ক লিমিটেড

CIN: U45201WB2001PLC092842
রেজিঃ অফিস : 'ঝিলমিল', সেক্টর-৪, সল্টলেক সিটি, কলকাতা-৭০০১০৬
ফোন: ৯৩৩৪৬৩৮৯২৩ (মোবাইল)
ই-মেল : investor.niccojubilee@gmail.com

নোটিস

বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারি ছড়িয়ে পড়ার প্রেক্ষিতে কর্পোরেট বিষয়ক মন্ত্রক ("এমসিএ") জানিয়েছে দ্রষ্টব্য তাদের জেনারেল সার্কুলার নং ০২/২০২১ তারিখ ১৩ জানুয়ারি, ২০২১ -তে বার্ষিক সাধারণ সভা (এজিএম) আয়োজনের ব্যাখ্যা সম্পর্কে ভিডিও কনফারেন্সিং (ভিসি) বা আদার অডিও ভিসুয়াল মিনস (ওএভিএম) -এর মাধ্যমে যা পঠিত জেনারেল সার্কুলার নং ২০/২০২০ তারিখ ৫ মে, ২০২০, ১৪/২০২০ তারিখ ৮ এপ্রিল, ২০২০ এবং জেনারেল সার্কুলার নং ১৭/২০২০ তারিখ ১৩ এপ্রিল, ২০২০ (যৌথভাবে 'এমসিএ সার্কুলারস' হিসেবে উল্লেখ্য)-এর সঙ্গে যা 'কোভিড ১৯' অতিমারির বিপদের কারণে ২০১৩ সালের কোম্পানি আইন ও তদধীন প্রণীত রুল অধীনস্থ কোম্পানি কর্তৃক সাধারণ ও বিশেষ প্রস্তাবগুলি পাসিং-এর ব্যাখ্যায় কোনও সাধারণ স্থানে সদস্যদের শারীরিক উপস্থিতি ব্যতীত ভিসি/ওএভিএম-এর মাধ্যমে বার্ষিক সাধারণ সভা আয়োজনের অনুমতি দেওয়া হয়েছে এবং তদনুসারে **নিক্কো জুবিলি পার্ক লিমিটেড (এনজেপিএল)-এর ২০তম বার্ষিক সাধারণ সভা ২৮ সেপ্টেম্বর, ২০২১ তারিখ মঙ্গলবার** বেলা ৪.০০ টায় **(আইএসটি)** অনুষ্ঠিত হবে **ভিসি/ওএভিএম** -এর মাধ্যমে উপরোক্ত সার্কুলারগুলি এবং সময়ে সময়ে সংশোধিতমতো কোম্পানি আইনের প্রাসঙ্গিক বিধানাবলির সঙ্গে সামঞ্জস্য রেখে।

আরও, জেনারেল সার্কুলার নং ১৭/২০২০ তারিখ ১৩ এপ্রিল, ২০২০ তারিখের **পয়েন্ট 'বি'** অনুযায়ী যেখানে ব্যাখ্যা আছে কোম্পানিগুলি কর্তৃক নোটিস পাঠানোর পদ্ধতি যা কোম্পানি আইন, ২০১৩ অধীনে ই-ভোটিংয়ের জন্য সুবিধার ব্যবস্থার জন্য আবশ্যক নয়, প্রত্যেক সদস্য যাদের যোগাযোগের বিস্তারিত বিবরণ কোম্পানির কাছে এজিএমের নোটিস পাঠানোর জন্য প্রাপ্তব্য নয়, তাঁদের অনুরোধ করা হচ্ছে **শ্রী অমিত কুমার সিং (ফোন নং৯৩৩৪৬৩৮৯২৩, ইমেল আইডি - investor.niccojubilee@gmail.com)/শ্রী অনুপ মৈত্র, রেজিস্ট্রার (ফোন নং ৯০৮৮০১৫৩০১/ ৯৮৩৬৮৫০৭৭৭, ইমেল আইডি info@rdinfotech.net)** রেজিস্ট্রার অ্যান্ড **শেয়ার ট্রান্সফার এজেন্টের** সঙ্গে উক্ত এজিএমে অংশগ্রহণ ও ভোটদানের জন্য। কোম্পানি এই পাবলিক নোটিস প্রকাশের অন্তত ৩ দিন পরে তার সমস্ত সদস্যকে এজিএমের নোটিস পাঠানোর দায়িত্ব নিচ্ছে।

নিক্কো জুবিলি পার্ক লিমিটেড-এর পক্ষে
স্বা/-
অভিজিৎ দত্ত
ডিরেক্টর
(DIN:- 00233374)

স্থান: কলকাতা
তারিখ: ২৯ অগস্ট, ২০২১

ত্রিপুরায় পুলিশ প্রহরা পাচ্ছেন তৃণমূল নেতারা : দিলীপ ঘোষ

নিজস্ব প্রতিবেদন, মেদিনীপুর: গত লোকসভা নির্বাচনের আগেও সকলকে একজোট করার চেষ্টা করেছিলেন, কিন্তু আজকে কজন আছেন? গতবার দিল্লি যাওয়ার পর কি হয়েছিল এবং কেন আলাদা করে চা খেতে গেলেন সেটা আমরা জানি। অবিজেপি দলগুলিকে মমতা বন্দ্যোপাধ্যায়ের একজোট হওয়ার আহ্বান প্রসঙ্গে মেদিনীপুরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে একথা বলেন বিজেপি রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। রবিবার দুপুরে মেদিনীপুর শহরে একটি সাংগঠনিক বৈঠকে যোগ দেন তিনি। মেদনীপুর শহরে গুলি চালানোর ঘটনার তিনি তীব্র নিন্দা করেন।

দিলীপ ঘোষ বলেন, ত্রিপুরায় তৃণমূল প্রতিনিধি দলের ওপর কোনও হামলা হয়নি। শুধু জামা ছিড়েছে। বাংলার চেয়ে ত্রিপুরায় আইন শৃঙ্খলা অনেক ভালো বলে দাবি বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষের ।

দলীয় কর্মী বৈঠকের পর সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, ত্রিপুরায় তৃণমূল প্রতিনিধি দলের সঙ্গে পুলিশের পাইলট গাড়ি থাকছে। পুলিশ প্রহরা পাচ্ছেন। এখ ানে বাংলায় বিজেপি নেতা কর্মীদের ওপর হামলা চালানো হলেও পুলিশ ডায়েরি নিতে চায় না। দীলিপবাবু অভিযোগ করেন, আইপিএস অফিসাররা এরাজ্যে নিজেদের মতো করে কাজ করতে পারছেন না। দলের নির্দেশে চলতে হচ্ছে তাদের। বিজেপির পঞ্চায়েত দখল করার জন্য প্রধানদের চমকানোর কাজে লাগানো হচ্ছে পুলিশ অফিসারদের। পশ্চিম মেদিনীপুর জেলার আইনশৃঙ্খলা একেবারে ভেঙে পড়েছে। দুষ্কৃতীরা প্রকাশ্যে গুলি ছুড়ে পালাচ্ছে। পুরসভা ভোটের আগে এসব করানো হচ্ছে বলে অভিযোগ করেন মেদিনীপুরের সাংসদ।

ট্রেনের ধাক্কায় মৃত্যু হলো এক ব্যক্তির

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: ঘটনাটি ঘটেছে পানাগড় রেল স্টেশন সংলগ্ন ৩ নম্বর রেল গেটের কাছে। মৃতের নাম ঝরিপ্রাসাদ বর্নওয়াল। স্থানীয়রা জানিয়েছেন বছর ৫৫-র ঝরিপ্রাসাদ আজ সকালে দুর্গাপুরে যান ব্যক্তিগত কাজে। সেখান থেকে বাসে করে পানাগড় স্টেশনে নামার পর রেলগেট পারাপার করার সময় আপ শক্তিপুঞ্জ ট্রেনের ধাক্কায় ঘটনাস্থলে মৃত্যু হয় তাঁর। মৃত ব্যক্তি পানাগড় সেনা ছাউনির মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে কর্মরত ছিলেন। বাড়ি পানাগড়ের রেল পাড়ের সারদা পল্লিতে।

শিলিগুড়িতে সার্ভিস রিভলভার থেকে গুলি চালিয়ে আত্মঘাতী পুলিশ আধিকারিক

নিজস্ব প্রতিবেদন, শিলিগুড়ি: নিজের সার্ভিস রিভলভার থেকে গুলি চালিয়ে আত্মঘাতী পুলিশ আধিকারিক। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে শিলিগুড়িতে। কী কারণে আত্মহত্যার সিদ্ধান্ত নিলেন ওই পুলিশকর্মী? ব্যক্তিগত কারণ নাকি ঘটনার নেপথ্যে অন্যকোনও রহস্য রয়েছে তা জানার চেষ্টায় পুলিশ।

ওই পুলিশ আধিকারিকের নাম সুদীপ ছেত্রী। তাঁর বয়স ৪০ বছর। শিলিগুড়ির সেবক ফাঁড়িতে কর্মরত ছিলেন তিনি। জানা গিয়েছে, শনিবার গভীর রাতে ডিউতেই ছিলেন তিনি। সেই সময় আচমকা সার্ভিস রিভলভার থেকে নিজের মাথায় গুলি করে সুদীপবাবু। রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়েন তিনি। বিষয়টি টের পেতেই তড়িঘড়ি সেখ ানকার অন্যান্য পুলিশ অফিসাররা তাঁকে উদ্ধার করে নিয়ে যায় বেসরকারি হাসপাতালে। শনিবার রাতে শিলিগুড়ির বেসরকারি হাসপাতালে ভরতি ছিলেন তিনি। চলছিল চিকিৎসা। তবে শেষ রক্ষা হয়নি। রবিবার ভোরে হাসপাতালেই মৃত্যু হয় তাঁর। জানা গিয়েছে, ইতিমধ্যেই দেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে পুলিশ। সেই সঙ্গে খতিয়ে দেখা হচ্ছে আত্মহত্যার কারণ। তদন্তের স্বার্থে মৃতের পরিবার ও পরিজনদের সঙ্গে কথা বলবেন বলে জানিয়েছেন তদন্তকারীরা। অন্যদিকে একইদিনে এক সিভিক ভলান্টিয়ারের রহস্যমৃত্যু হয়েছে শিলিগুড়ির ফাঁসিদেওয়ায়। তাঁর নাম দুলাল কর্মকার। রবিবার সকালে এলাকার একটি বেদানাগাছ থেকে উদ্ধার হয়েছে ওই যুবকের ঝুলন্ত দেহ। প্রাথমিকভাবে জানা গিয়েছে স্ত্রীর সঙ্গে বচসা চলছিল মৃত যুবকের। সেই অশান্তির কারণে আত্মহত্যার সিদ্ধান্ত নিতে পারেন দুলাল। যদিও পরিবারের দাবি খুন করা হয়েছে ওই যুবককে।

বিভিন্ন দাবিদাওয়া নিয়ে রেলের স্লিপার তৈরির জিপিটি ইনফ্রা কারখানার গেটের সামনে বিক্ষোভ শ্রমিকদের

সুজিত ভট্টাচার্য

কাঁকসা রবিবার সকাল থেকেই পানাগড় রেল স্টেশন সংলগ্ন রেলের স্লিপার তৈরির জিপিটি ইনফ্রা প্রোজেক্ট লিমিটেড কারখানার শ্রমিকরা কারখানার গেটের সামনে বিক্ষোভে বসেন। শ্রমিকদের অভিযোগ, দীর্ঘদিন ধরে তাদের শোষণ করে এসেছে শ্রমিক সংঘটনের নেতাদের এক অংশ। পাশাপাশি তারা শ্রমিক ঐক্য মঞ্চ গড়ে দীর্ঘদিন ধরে আন্দোলন চালাচ্ছে তাদের ন্যায্য পাওনার দাবিতে। কর্মক্ষেত্রে সুরক্ষার ব্যবস্থা সহ, বকেয়া বেতন ও কারখানার শ্রমিকদের যে সমস্ত সুযোগ সুবিধা থাকে সবকিছু থেকেই তারা বঞ্চিত রয়েছেন বলে তাদের অভিযোগ। এই বিষয়ে সকাল থেকেই কারখানার গেটের সামনে বিক্ষোভ দেখানোর পর আসানসোলের উদ্দেশ্যে রওনা দেন শ্রমিকরা। রবিবার, পশ্চিম বর্ধমানের আসানসোলে জেলা তৃণমূল শ্রমিক সংগঠনের কর্মীদের নিয়ে একটি সম্মেলন অনুষ্ঠিত হয়। সেই সম্মেলনে জেলার সমস্ত তৃণমূল শ্রমিক সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত থাকার কথা শ্রমিক সংগঠনের রাজ্য সভাপতির বার্তা শোনার জন্য। সেই সম্মেলনে যোগ দেওয়ার জন্য এদিন জিপিটি ইনফ্রা প্রোজেক্ট কারখানার শ্রমিকরা রওনা দেন। শ্রমিকরা জানিয়েছেন তারা তাদের অভাব-অভিযোগ কারখানা কর্তৃপক্ষকে বারবার জানিয়েও কোনও সুরাহা হয়নি। তাই আজ তারা রাজ্য তৃণমূল শ্রমিক সংগঠনের রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের কাছে তাদের সমস্ত অভাব অভিযোগ জানাবেন। এদিনই কলকাতা থেকে আসানসোল যাওয়ার পথে বুদবুদের বাইপাসে দু'নম্বর জাতীয় সড়কের ধারে রাজ্য তৃণমূলের শ্রমিক সংগঠনের রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়কে সংবর্ধনা দিলেন গলসি ১ নম্বর পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি অনুপ চ্যাটার্জী সহ বুদবুদ অঞ্চলের তৃণমূলের কর্মী-সমর্থকরা। এছাড়াও এদিন তাকে স্বাগত জানান পানাগড় সেনা ছাউনির ডিআরডিও এবং মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিস দপ্তরের অসংগঠিত শ্রমিকরা। এদিন অসংগঠিত শ্রমিকদের, তৃণমূলের শ্রমিক সংগঠনের রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায় তাদের যে কোনও ধরনের সমস্যায় শ্রমিকদের পাশে থাকার আশ্বাস দেন। শ্রমিকদের সঙ্গে বেশ কিছুক্ষণ কথা বলার পর তিনি আসানসোলের উদ্দেশ্যে রওনা দেন। আসানসোল যাওয়ার পথে বাঁশকোপা টোল প্লাজায় তাকে সংবর্ধনা জানান কাঁকসা তৃণমূলের ব্লক সভাপতি দেবদাস বক্সী, জেলা পরিষদের সহ-সভাধিপতি সমীর বিশ্বাস, কাঁকসা ব্লকের তৃণমূলের যুব সহ-সভাপতি সমরেশ ব্যানার্জি সহ অন্যান্যরা।

IRIS CLOTHINGS LIMITED

CIN: L18109WB2011PLC166895 | GSTIN: 19AACCI6963K1Z0
103/24/1, Foreshore Road, Binani Metal Compound, Howrah – 711102
Email: accounts@irisclothings.in | Website: www.irisclothings.in
Office: +91 33-2640 4674, 33-2637 3856

NOTICE TO MEMBERS

Notice is hereby given that the 10th Annual General Meeting (AGM) of the Company is scheduled to be held on Monday, 27th September, 2021 at 4.00 p.m. through Video Conferencing (VC)/Other Audio-Visual Means (OAVM) without physical presence of the members at a common venue in compliance with the provisions of the Companies Act, 2013, SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 read with MCA circulars and SEBI circulars, to transact the business as set out in the Notice convening the 10th AGM.

Electronic copies of the Notice of 10th AGM and Annual Report for Financial Year 2020-2021 will be sent to the members whose email addresses are registered with the Company/Depository Participants.

Members who have not registered their email addresses or want to change their email id may update the same by sending email to the Company at accounts@irisclothings.in, to Registrar and Transfer Agent at investor@cameoindia.com or may contact the concerned Depository Participants.

The said AGM Notice and Annual Report for the Financial year 2020-2021 will also be available on the Company's website i.e., www.irisclothings.in and on the website of National Stock Exchange of India Limited i.e., www.nseindia.com.

Date: 28th August, 2021
Place: Howrah

For Iris Clothings Limited
Sweta Agarwal
Company Secretary

ডাইনামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড

CIN: L45201WB1996PLC077451
রেজিস্টার্ড অফিস: ৪০৯, স্বাইকা সেন্টার, ৪এ, পোলক স্ট্রিট, কলকাতা (পঃবঃ) ৭০০ ০০১, ফোন: ০৩৩-২২৩৪২৬৭৩
ওয়েবসাইট: www.dynamicarchistructures.com, ই-মেল: info@dynamicarchistructures.com

বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ডাইনামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেডের ("দ্য কোম্পানি") পঁচিশতম বার্ষিক সাধারণ সভা ("এজিএম") বৃহস্পতিবার, ৩০ সেপ্টেম্বর, ২০২১ বেলা ৩.০০টায় (আইএসটি) ভিডিও কনফারেন্সিং ("ভিসি") / অন্যান্য অডিও ভিজ্যুয়াল মিনস ("ওএভিএম") মাধ্যমে অনুষ্ঠিত হবে এজিএম আহ্বানকারী নোটিসে বর্ণিত ব্যবসায়ের লেনদেন করার জন্য।

এতদ্দ্বারা কোম্পানি (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) এর রুল ১০ এবং সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ ("লিস্টিং রেগুলেশনস") এর রেগুলেশন ৪২ এর সঙ্গে পঠিত কোম্পানি আইন, ২০১৩ ("দ্য অ্যাক্ট") এর ধারা ৯১ অনুযায়ী নোটিস দেওয়া হচ্ছে যে, কোম্পানির সদস্য নিবন্ধন এবং শেয়ার স্থানান্তর বই বন্ধ থাকবে শনিবার ২৫ সেপ্টেম্বর, ২০২১ থেকে বৃহস্পতিবার ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত (উভয় দিন অন্তর্ভুক্ত) পরবর্তী এজিএম উদ্দেশ্যে।

ক্রমাগত কোভিড-১৯ মহামারীর পরিপ্রেক্ষিতে কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় ('এমসিএ') তার ৮ এপ্রিল, ২০২০, ১৩ এপ্রিল, ২০২০, ১৫ জুন, ২০২০ তারিখের সার্কুলার -এর সঙ্গে পঠিত ৫ মে, ২০২০ তারিখের সার্কুলার এবং ১৩ জানুয়ারি ২০২১ তারিখের সার্কুলার নং ০২/২০২১ (সম্মিলিতভাবে "এমসিএ সার্কুলার" হিসাবে উল্লেখ করা হয়) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ("সেবি") ১২ মে, ২০২০ এবং ১৫ জানুয়ারি, ২০২১ ("সেবি সার্কুলারস") অনুযায়ী একটি সাধারণ স্থানে সদস্যদের শারীরিক উপস্থিতি ছাড়াই ভিসি/ওএভিএম মাধ্যমে এজিএম আয়োজনের অনুমতি দেয়। আইন, লিস্টিং রেগুলেশন, এমসিএ সার্কুলার এবং সেবি সার্কুলারের বিধান মেনে এজিএম ভিসি/ওএভিএমের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

২০২০-২১ অর্থবর্ষের বার্ষিক প্রতিবেদন সহ এজিএমের বিজ্ঞপ্তি শুধুমাত্র বৈদ্যুতিন মোডের মাধ্যমে সেইসব সদস্যদের কাছে পাঠানো হবে যাদের ইমেল ঠিকানা উপরোক্ত এমসিএ সার্কুলার এবং সেবি সার্কুলার মেনে কোম্পানি/ডিপোজিটরিজের কাছে নিবন্ধিত। সদস্যরা মনে করতে পারেন যে ২০২০-২১ অর্থবর্ষের এজিএম এবং বার্ষিক প্রতিবেদনের বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইটে অর্থাৎ www.dynamicarchistructures.com এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ বিএসই লিমিটেড - www.bseindia.com এবং ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেডের ওয়েবসাইট - evoting@nsdl.co.in -তেও পাওয়া যাবে। সদস্যরা শুধুমাত্র ভিসি/ওএভিএম সুবিধার মাধ্যমে এজিএমে অংশ নিতে এবং পারেন। এজিএমে যোগদানের নির্দেশ এজিএমের বিজ্ঞপ্তিতে দেওয়া হয়েছে। ভিসি/ওএভিএমের মাধ্যমে এজিএমে অংশ নেওয়া সদস্যদের আইনের ১০৩ ধারা অনুযায়ী কোরাম গণনার উদ্দেশ্যে গণনা করা হবে।

কোম্পানি এজিএমের বিজ্ঞপ্তিতে নির্ধারিত সমস্ত রেজোলিউশনে ভোট দেওয়ার জন্য তার সমস্ত সদস্যদের দূরবর্তী ই-ভোটিং সুবিধা ("রিমোট ই-ভোটিং") সরবরাহ করছে। উপরন্তু, কোম্পানি এজিএম ("ই-ভোটিং") সময়ে ই-ভোটিং সিস্টেম হলেও ভোটদানের সুবিধা প্রদান করছে। এজিএমে রিমোট ই-ভোটিং /ই-ভোটিংয়ের জন্য বিস্তারিত পদ্ধতি এজিএমের বিজ্ঞপ্তিতে সরবরাহ করা হয়েছে।

যদি সদস্যদের ইমেল আইডি ইতিমধ্যে কোম্পানি/ডিপোজিটরিতে নিবন্ধিত হয় তবে ই-ভোটিংয়ের জন্য লগইন বিবরণ এজিএমের বিজ্ঞপ্তিতে সরবরাহ করা হয় এবং এটি সদস্যদের নিবন্ধিত ইমেল ঠিকানায় পাঠানো হবে।

যে সদস্য তাদের ইমেল ঠিকানা নিবন্ধন করেননি তাদের ডিপোজিটরি পার্টি সিপ্যান্টদের মাধ্যমে ডিপোজিটরিজের সাথে বৈদ্যুতিন আকারে শেয়ার এবং কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট : এমসিএস শেয়ার ট্রান্সফার এজেন্ট লিমিটেড, রেজিস্টার্ড অফিসের ঠিকানা: ৩৮৩, লেক গার্ডেনস, ২য় তল, কলকাতা-৭০০০৪৫ (পঃবঃ) -কে চিঠি লিখে ফিজিক্যাল আকারে রাখা শেয়ারের সম্মানের বিষয়ে নিবন্ধন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

যে সদস্য শারীরিক আকারে শেয়ার ধারণ করছেন বা যারা কোম্পানি/ডিপোজিটরি বা কোম্পানির শেয়ার অর্জনকারী এবং কোম্পানির শেয়ার অর্জনকারী কোনও ব্যক্তির কাছে তাদের ইমেল ঠিকানা নিবন্ধন করেননি এবং কোম্পানির দ্বারা বৈদ্যুতিনভাবে নোটিস পাঠানোর পরে সংস্থার সদস্য হন, এবং কাট-অফ তারিখ, অর্থাৎ বৃহস্পতিবার, ২৩ সেপ্টেম্বর, ২০২১ হিসাবে শেয়ার ধারন করেন, এই জাতীয় সদস্যরা evoting@nsdl.co.in -তে অনুরোধ পাঠিয়ে ব্যবহারকারী আইডি এবং পাসওয়ার্ড পেতে পারেন। যাই হোক, যদি কোনও সদস্য ইতিমধ্যে ই-ভোটিংয়ের জন্য এনএসডিএলে নিবন্ধিত হন তবে বিদ্যমান ব্যবহারকারী আইডি এবং পাসওয়ার্ড ভোট দেওয়ার জন্য ব্যবহার করা যেতে পারে।

অস্থায়ী ভিত্তিতে বৈদ্যুতিনভাবে ইমেল ঠিকানা, ব্যাঙ্ক বিবরণ এবং মোবাইল নম্বর আপডেট করার লিঙ্কটি mcskol@rediffmail.com উপলব্ধ এবং ইমেল ঠিকানা, ব্যাঙ্কের বিশদ এবং মোবাইল নম্বরের আপডিশনের বিষয়ে আরও বিশদের জন্য আপনি এজিএমের বিজ্ঞপ্তি উল্লেখ করতে পারেন।

ডাইনামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড -এর পক্ষে
স্বা/ -
রাকেশ পোরওয়াল (ডিরেক্টর)
DIN: 00495444

স্থান: কলকাতা
তারিখ: ২৪ অগস্ট, ২০২১

তাম্রলিপ্ত মহাবিদ্যালয় রক্তদান শিবির

নিজস্ব প্রতিবেদন, পূর্ব মেদিনীপুর: তাম্রলিপ্ত মহাবিদ্যালয় তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে রবিবার সকালে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। করোনা পরিস্থিতিতে রক্তের চাহিদা মেটাতেই ওই শিবিরের আয়োজন বলে জানিয়েছেন স্বাস্থ্য পরিষদের কর্মকর্তারা। উদ্যোক্তারা জানান গত শনিবার তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস ছিল, তারই অঙ্গ হিসেবে রবিবার রক্তদান শিবিরের আয়োজন করা হয়। রক্তদান শিবিরে ছাত্র-ছাত্রীরাই বেশি রক্তদান করেছেন বলে তারা জানিয়েছেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, তমলুক পুরসভার পুর প্রশাসক দীপেন্দ্র নারায়ণ রায়, তৃণমূল কংগ্রেসের রাজ্য যুব সহ-সভাপতি পার্থসারথি মাইতি, তৃণমূল ছাত্র পরিষদের তমলুক সাংগঠনিক জেলার সভাপতি প্রসেনজিৎ দে সহ অন্যান্যরা। শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধনের পরই সমস্ত অতিথিবৃন্দ রক্তদান শিবির আগত রক্তদাতাদের পুষ্পস্তবক দিয়ে অভিনন্দন জানান।

নাবালকদের যৌন নির্যাতনের অভিযোগে গ্রেপ্তার হস্টেলের দুই কর্মী

নিজস্ব প্রতিবেদন, সোনারপুর: নাবালকদের ওপরে যৌন নির্যাতনের অভিযোগে সোনারপুরের একটি বেসরকারি হস্টেল থেকে গ্রেপ্তার করা হল দুই কর্মীকে। অভিযোগ, দীর্ঘদিন ধরেই ওই হস্টেলের একাধিক নাবালকের যৌন নির্যাতন করেছেন অভিযুক্তরা। সম্প্রতি এক নাবালকের পরিবারের অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে ওই হস্টেলে যায় সোনারপুর থানার পুলিশ। শনিবার অভিযুক্তদের গ্রেপ্তারির পাশাপাশি ওই হস্টেলটিকে আপাতত বন্ধ করে দেওয়া হয়েছে। পুলিশ সূত্রে খবর, সোনারপুরের ধামাইতলা এলাকায় ওই হস্টেল থেকে তারক মণ্ডল এবং সুশোভন চক্রবর্তী নামে দুই কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। ২০০৮ সাল থেকে শুরু হওয়া ওই হস্টেলে প্রায় ২৫ জন নাবালক-নাবালিকা থাকত। সম্প্রতি হস্টেলের এক নাবালক আবাসিক তার পরিবারের কাছে চিঠিতে যৌন নির্যাতনের অভিযোগ করে। এর পর ওই নাবালকের পরিবার সোনারপুর পুলিশের দ্বারস্থ হয়।

পুলিশ জানিয়েছে, শনিবার ওই হস্টেলে যান তদন্তকারীরা। হস্টেলের ১০ জন নাবালককে জিজ্ঞাসাবাদও করা হয়। এর পরই তারক এবং সুশোভনকে গ্রেপ্তার করেন তদন্তকারীরা। সেই সঙ্গে হস্টেলে তালা ঝুলিয়ে দেওয়া হয়। ওই হস্টেলটি বেআইনি ভাবে চলত বলে অভিযোগ পুলিশের। এই ঘটনায় হস্টেলের অন্যরাও জড়িত কি না, তা খতিয়ে দেখছে পুলিশ। সূত্রের খবর, স্থানীয় একটি হাসপাতালে ওই নাবালকদের শারীরিক পরীক্ষা করানো হয়েছে।

SBI — স্ট্রেসড অ্যাসেটস রিকভারি শাখা, দক্ষিণবঙ্গ

জীবনদীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা-৭০০০৭১
ফোন: (০৩৩) ২২৮৮-২২৩৭, ফ্যাক্স: (০৩৩) ২২৮৮-৪৩০২, ই-মেল: sbi.15196@sbi.co.in

দ্য সারফেইসি অ্যাক্ট, ২০০২-এর সেকশন ১৩(২) অধীনে বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নবর্ণিত ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ) ব্যাঙ্ক থেকে যে ঋণ সুবিধা পেয়েছিলেন সেই ঋণের মূল রাশি ও সুদ ফেরত দিতে ব্যর্থ হন ও ঋণটি নন-পারফর্মিং অ্যাসেটস (এনপিএ) শ্রেণিভুক্ত হয়েছে। সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর সেকশন ১৩(২) অধীনে বিজ্ঞপ্তিসমূহ তাঁদের প্রদান করা হয়েছিল, তাঁদের সর্বশেষ ঠিকানায়, কিন্তু সেগুলি গৃহীত না হয়ে ফিরে আসে এবং এই কারণেই এতদ্দ্বারা তাঁদের এই নোটিস মাধ্যমে জানানো হচ্ছে।

ঋণগ্রহীতা ও জামিনদারগণের নাম সহ ঠিকানা	সম্পত্তিসমূহর বিশদ/বলবৎ করা হবে এমন সুরক্ষিত পরিসম্পতের ঠিকানা	বিজ্ঞপ্তির তারিখ	এনপিএ-র তারিখ	বকেয়া অর্থাঙ্ক (বিজ্ঞপ্তির তারিখ অনুযায়ী)
সোনা প্রোটিনস প্রাঃ লিঃ ৬৭/২৮ স্ট্র্যান্ড রোড, ক্রস রোড নং ১২, কলকাতা-৭০০০০৬ **শ্রী বিকাশ কুমার গোয়েল (জামিনদার)** পিতা মুরারিলাল গোয়েল, ১০৫/১, বিধাননগর রোড, সান সিটি, ফ্ল্যাট নং ৭০২, কলকাতা-৭০০০৬৭ **শ্রীমতী নিশা গোয়েল (জামিনদার)** স্বামী শ্রী বিকাশ কুমার গোয়েল, ১০৫/১, বিধাননগর রোড, সান সিটি, ফ্ল্যাট নং ৭০২, কলকাতা-৭০০০৬৭	"সান সিটি" নামে পরিচিত উল্লিখিত নতুন বিল্ডিং(গুলি)/টাওয়ার "সি" এর অষ্টম তলায় ফ্ল্যাট/ইউনিট নং ২ এর সকল এর ন্যায়সঙ্গত বন্ধক ১১৭৪ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া) পরিমাপের সমন্বয়ে আবাসিক কমপ্লেক্সের অংশ এবং বিল্ডিং/টাওয়ার "সি" -এর নীচের জমিতে অবিভক্ত নিরপেক্ষ আনুপাতিক অংশের শেয়ার উল্লিখিত নতুন বিল্ডিংগুলি/কমপ্লেক্স এর এবং উক্ত ইউনিটের সাথে যুক্ত এবং একই সাথে সাধারণ এলাকা এবং/ অথবা ইউটিলিটিগুলিতে এবং/ অথবা নতুন ভবন/ টাওয়ার/ প্রেমিসেসের অন্তর্ভুক্ত সুবিধাসমূহের আনুপাতিক অংশীদারিত্ব এবং সেইসঙ্গে উক্ত বিল্ডিং/টাওয়ার "সি" -এর প্রথম তলে মাঝারি আকারের মোটর গাড়ির পার্কিংয়ের জন্য একটি ওপেন কার পার্কিং স্পেস যা অবস্থিত প্রেমিসেস নং ১০৫/১ উল্টোডাঙ্গা মেইন রোড যা এখন বিধান নগর রোড নামে পরিচিত, কলকাতা -৭০০০৬৭, হোল্ডিং নং ২৬/১৭৫ ডিভিশন নং ১১, সাব-ডিভিশন ১০ থানা মানিকতলা কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ৩২ নং ওয়ার্ডের অধীনে, এআরএ-আই, , কলকাতার অফিসে রেজিস্টার্ড, বুক নং আই, সিডি ভলিউম নং ১৪ পৃষ্ঠা ২০৬৫ থেকে ২১১৫ পর্যন্ত -তে নিবন্ধিত। **বিকাশ কুমার গোয়ালের নামে বিয়িং নং ০৬৩৫৪ সাল ২০০৯। চতুর্দিক পরিবেষ্টিত (দলিল অনুযায়ী):** উত্তরে - উল্টোডাঙ্গা মেইন রোড দ্বারা যা এখন বিধান নগর রোড নামে পরিচিত, সিআইটি স্কিম নং ৮, মানিকতলার অধীনে উল্টোডাঙ্গা প্রধান সড়ক প্রশস্ত করার জন্য অধিগ্রহণ করা জমির স্ট্রিপ সহ, দক্ষিণে- উল্টাডাঙ্গা প্রধান সড়ক যা এখন বিধান নগর রোড নামে পরিচিত এর সংযুক্ত ড্রেন দ্বারা , পূর্বে- প্রেমিসেস নং ১০৫, উল্টাডাঙ্গা প্রধান সড়ক যা বিধান নগর রোড নামে পরিচিত, পশ্চিমে - প্রেমিসেস নং ১০৫/২এ (পূর্বে ১০৫/২ এর অংশ) উল্টোডাঙ্গা মেইন রোড যা এখন বিধান নগর রোড নামে পরিচিত দ্বারা ।	৩০.০৬.২০২১	২৮.০১.২০১৫	৩,১৮,১৩,৩৫৪.০৭ টাকা (তিন কোটি আঠারো লক্ষ তেরো হাজার তিনশো চুয়ান্ন টাকা এবং সাত পয়সা মাত্র) ৩০.০৬.২০২১ তারিখ অনুযায়ী। আপনি ০১.০৭.২০২১ তারিখ থেকে উক্ত অর্থাঙ্কের উপর চুক্তিবদ্ধ হারে ভবিষ্যৎ সুদ সহ আনুষঙ্গিক খরচ, মূল্য, চার্জ ইত্যাদি দিতেও দায়বদ্ধ।
মেসার্স সত্যনারায়ণ ভান্ডার **স্বত্বাধিকারী শ্রী মনোরঞ্জন ঘোষ,** ১৬/৪, করুণাময়ী ঘাট রোড, কলকাতা-৭০০০৮২ শ্রী মনোরঞ্জন ঘোষ পিতা অমরেন্দ্র ঘোষ, ২৩/৪৮, করুণাময়ী ঘাট রোড, কলকাতা-৭০০০৮২	**১) স্টক এন্ড বুক ডেটস এর হাইপোথিকেশন ২) স্থাবর সম্পত্তির ন্যায়সঙ্গত বন্ধক :** উল্লিখিত তিনতলা ভবনের সিডিউল "এ" প্রেমিসেসের প্রথমতলে রাস্তামুখী প্রায় ১৫২ বর্গফুট বা সামান্য কমবেশি পরিমাপিত বিল্ট -আপ এলাকা যুক্ত আচ্ছাদিত গ্যারেজের (উত্তরমুখী) এক ও অবিচ্ছেদ্য অংশের সকল সেইসঙ্গে সিডিউল "এ"-তে বর্ণিত সম্পত্তিতে অভিভক্ত সমানুপাতিক হারে জমির শেয়ার এর অধিকার এবং ইন্টারেস্ট এবং পরিশিষ্ট-এ তে বর্ণিত অনুসারে সিডিউল "এ" প্রেমিসেসের চত্বরের সাধারণ এলাকা ব্যবহারের এবং সুবিধাদির অধিকার যা কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ওয়ার্ড নং ১১৫ তে অবস্থিত, পূর্বতন প্রেমিসেস নং ৬৩/১৬/৪। করুণাময়ী ঘাট রোড, বর্তমানে নতুন নম্বর ৬৩ হিসাবে পুনরায় সংখ্যায়িত হয়েছে, করুণাময়ী ঘাট রোড, পোস্টাল প্রেমিসেস নং ১৬/৪, করুণাময়ী ঘাট রোড, কলকাতা- ৭০০০৮২ দাগ নং ৭০৩ এর অন্তর্ভুক্ত, জেএল নং ১১, তৌজি নং ২৩৮, আরএস খতিয়ান নং ২৭৯, বিয়িং নং আই-০৬২১২ সাল ২০০৩ এবং **চতুর্দিক পরিবেষ্টিত:** উত্তরে - করুণাময়ী ঘাট রোড, দক্ষিণে- অর্জুন দাসের বাড়ি, পশ্চিমে- ডঃ মন্ডল এর বাড়ি, পূর্বে - ১২ ফুট প্রশস্ত সাধারণ প্যাসেজ। **সম্পত্তিটি শ্রী মনোরঞ্জন ঘোষের নামে আছে।**	২৩.০৮.২০২১	১৩.১২.২০১২	৬,৪০,৫১১.৬৩ টাকা (ছয় লক্ষ চল্লিশ হাজার পাঁচশো এগারো টাকা এবং তেষট্টি পয়সা মাত্র) ৩১.০৭.২০২১ তারিখ অনুযায়ী। আপনি ০১.০৮.২০২১ তারিখ থেকে উক্ত অর্থাঙ্কের উপর চুক্তিবদ্ধ হারে ভবিষ্যৎ সুদ সহ আনুষঙ্গিক খরচ, মূল্য, চার্জ ইত্যাদি দিতেও দায়বদ্ধ।

বিজ্ঞপ্তির পরিবর্ত পরিষেবার জন্য পদক্ষেপ নেওয়া হচ্ছে। উপরের ঋণগ্রহীতা(গণ)/ জামিনদারগণ/আইনত উত্তরাধিকারীগণকে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বকেয়া টাকা পরিশোধের জন্য আহ্বান জানানো হচ্ছে। অপারগ হলে এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিন অতিক্রান্ত হওয়ার পরে ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩ ধারার (৪) উপধারা অধীনে পরবর্তী পদক্ষেপ গৃহীত হবে।

তারিখ: ৩০.০৮.২০২১
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া